

সীমিত
সেনাসদর
প্রতীক

বাংলাদেশ সেনাবাহিনীর জন্য তীজা রসদ সামগ্রী, তরল দুধ এবং পশু খাদ্য সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

- ১। সাধারণ। ০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদে বাংলাদেশ সেনাবাহিনীর জন্য গো-মাংস (তীজা/ফ্রোজেন), ছাগ/মেষ মাংস, মোরগ/মুরগী (জীবিত/ডেসড/ফ্রোজেন), মাছ, ডিম (হাঁস/মুরগী), পেঁয়াজ, গোল আলু, সবজি, ফল, পাউরুটি, বরফ, গম ভাঙ্গানো, ভাড়াটে পরিবহন, শ্রমিক ও মসলা সামগ্রী (মরিচ, হলুদ, ধনিয়া গুড়া, আদা, রসুন, জিরা, লবংগ, দারুচিনি, এলাচ, তেজপাতা ও পাঁচফোড়ন আস্ত), মিলিটারি ফার্মের জন্য তরল দুধ, রেডিমেড গো খাদ্য, সাইলেজ, গো খাদ্য (গমের ভুষি, ভুট্টা আস্ত, সয়াবিন মিল, চাউলের কুড়া, ডাবলি আস্ত, খেশারী আস্ত, ক্যানু চূর্ণ, লবণ ও ধানের খড়) ঘোড়ার খাদ্য (ছোলা আস্ত, গমের ভুষি, বার্লি, ভাংগানো ভুট্টা/ওটস ও সবুজ ঘাস) এবং কুকুরের খাদ্য (হাড় বিহীন গো-মাংস ও সবজি) সরবরাহের নিমিত্তে শুধুমাত্র স্থায়ী/অস্থায়ী তালিকাভুক্ত এএসসি/আরভিএন্ডএফসি ঠিকাদারদের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।
- ২। দরপত্র সংগ্রহ/প্রাপ্তিস্থান। ০১ মার্চ ২০২৬ হতে ৩০ মার্চ ২০২৬ পর্যন্ত এরিয়া সদর দপ্তর বরিশাল, সাতার, কক্সবাজার, বগুড়া, সিলেট, ঘাটাইল, চট্টগ্রাম, কুমিল্লা, যশোর, রংপুর এর এসটি শাখা এবং সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া (এসটি উইং) এর অফিস হতে দরপত্র ফরম এবং বিস্তারিত নির্দেশাবলী সংগ্রহ করা যাবে।
- ৩। দরপত্র গ্রহণ/খোলা। ৩১ মার্চ ২০২৬ তারিখ ১১০০ ঘটিকা পর্যন্ত এডিএসটি, সংশ্লিষ্ট এরিয়া সদর দপ্তর (এসটি শাখা)/সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া (এসটি উইং) অফিসে দরপত্র গৃহীত হবে এবং একই দিন বেলা ১২০০ ঘটিকায় দরপত্র খোলা হবে। দরদাতাগণ অথবা তাদের মনোনীত প্রতিনিধিরা দরপত্র খোলার স্থানে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকতে পারবেন।
- ৪। পূর্ণঃ দরপত্র আহবান। ৩১ মার্চ ২০২৬ তারিখে কোন দ্রব্য/দ্রব্যাদি সরবরাহের জন্য কমপক্ষে ০৩টি দরপত্র দাখিল না হলে অথবা দাখিলকৃত দরপত্র বাতিল হলে অথবা কর্তৃপক্ষ কর্তৃক কোন দরপত্র গৃহীত না হলে সেই সমস্ত দ্রব্য/দ্রব্যাদি সরবরাহের জন্য স্থানীয় এডিএসটিগণ পরবর্তী ১৪ কার্যদিবসের মধ্যে নিজ নিজ এরিয়ায় পূর্ণঃ দরপত্র আহবান এর মাধ্যমে কার্য সম্পন্ন করবেন।
- ৫। দরপত্রের মূল্য। প্রতিটি দরপত্রের মূল্য ১০ লক্ষ টাকার কম মূল্যমানের চুক্তির জন্য ৪০০/- (চারশত টাকা মাত্র) টাকা এবং ১০ লক্ষ টাকা বা ততোধিক মূল্যমানের চুক্তির জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা যা ফরম সংগ্রহকালে এডিএসটি, সংশ্লিষ্ট এরিয়া সদর দপ্তর (এসটি শাখা)/সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া (এসটি উইং) এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
- ৬। আর্নেস্ট মানি (বায়নার টাকা)। সকল দরদাতাকে এডিএসটি, সংশ্লিষ্ট এরিয়া সদর দপ্তর (এসটি শাখা)/সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া (এসটি উইং) এর অনুকূলে বিএএফজেড-২১২১ এ উল্লিখিত পরিমাণ আর্নেস্ট মানি (বায়নার টাকা) নিকটতম বাংলাদেশ ব্যাংকের সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। আর্নেস্ট মানি (বায়নার টাকা) বিহীন দরপত্র বাতিল বলে গণ্য হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য/সর্বনিম্ন দরদাতাদের দরপত্র অনুমোদন হওয়ার পর অকৃতকার্য দরদাতাদের আর্নেস্ট মানি (বায়নার টাকা) ফেরৎ দেয়া হবে।
- ৭। নিরাপত্তা জামানত। দরপত্র অনুমোদন হওয়ার পর বিএএফজেড-২১২৪ স্বাক্ষরান্তে সর্বনিম্ন দরদাতা/ঠিকাদারকে অবশ্যই ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অর্থ নিয়ন্ত্রক (প্রতিরক্ষা ক্রয়), প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর ভবন, নতুন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা-১২১৫ এর অনুকূলে বিএএফজেড-২১৩৭এ (দরদাতার প্রতি নির্দেশাবলী)তে নির্ধারিত পরিমাণ নিরাপত্তা জামানত জমা দিতে হবে। অর্থ নিয়ন্ত্রক (প্রতিরক্ষা ক্রয়) দপ্তরে নিরাপত্তা জামানত জমা দেয়া হয়েছে এই মর্মে উক্ত দপ্তর কর্তৃক প্রদত্ত প্রাপ্তি রশিদ উপস্থাপন সাপেক্ষে স্থানীয় এডিএসটি কর্তৃক কৃতকার্য দরদাতা ঠিকাদারের আর্নেস্ট মানি (বায়নার টাকা) ফেরত দেয়া হবে।
- ৮। দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই চুক্তি সম্পাদনকারী কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ, প্রত্যাখান কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সেনাসদর
ঢাকা সেনানিবাস

ADS

সীমিত

পরিচালক

সরবরাহ ও যান পরিদপ্তর

কোয়ার্টার মাস্টার জেনারেল শাখা